



ISO 9001, ISO 14001 &  
OHSAS 45001 Certified

সভাপতি, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

এবং

সচিব

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২০ - ৩০ জুন, ২০২১

## সূচিপত্র

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র	
উপক্রমণিকা	
সেকশন-১ : চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ, কার্যাবলি	
সেকশন-২ : কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ	
সেকশন-৩ : কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক ও লক্ষ্যমাত্রাসমূহ	
সংযোজনী-১ : শব্দ সংক্ষেপ	
সংযোজনী-২ : কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি	
সংযোজনী-৩ : কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা	

**চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র**  
(Overview of the Performance of Chandpur PBS-1)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

- সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ (২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০):

চাঁদপুর জেলার ৩ (তিন)টি উপজেলা (হাজীগঞ্জ, কচুয়া ও শাহরাস্তি) এর সমন্বয়ে ৫৮০ বর্গ কিঃমিঃ এলাকা নিয়ে চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ গঠিত। বর্তমান সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নের অংশ হিসাবে ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে চাঁদপুর পবিস-১ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। গ্রামাঞ্চলে শিক্ষা, সাংস্কৃতি, কৃষি উৎপাদন, শিল্পায়ন এবং কর্ম সংস্থানের সুযোগ সৃষ্টি ইত্যাদিতে বিদ্যুৎ ব্যবহার করে গ্রামীন জনগোষ্ঠীর অর্থনৈতিক উন্নয়ন ও জীবনযাত্রার মানোন্নয়নের লক্ষ্যে জুন'২০২০ খ্রিঃ পর্যন্ত ৪,২৬২.৬৫ কিঃ মিঃ বৈদ্যুতিক লাইন নির্মাণ সম্পন্ন করা হয়েছে। জুন'২০২০ খ্রিঃ পর্যন্ত ৩,০৬,০৪৭ জন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। চাঁদপুর পবিস-১ এর হাজীগঞ্জ, শাহরাস্তি ও কচুয়া উপজেলা ইতোমধ্যে শতভাগ বিদ্যুতায়নের কাজ সম্পন্ন করা হয়েছে। বর্তমানে চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর পিক ডিমান্ড ৬৭ মেঃ ওঃ।

২০১৬-২০১৭ অর্থ বছরে চাঁদপুর গ্রীডে ২ টি নতুন রে-বেকার স্থাপন করা হয়। উক্ত ২ টি ৩৩ কেভি ফিডারের মধ্যে হাজীগঞ্জ-২, ফিডারের জন্য ১.৪ কিঃ মিঃ আন্ডার গ্রাউন্ড ক্যাবল এবং ১৬ কিঃ মিঃ ওভারহেড লাইন নির্মাণ এবং কচুয়া-মতলব ৩৩ কেভি ফিডারটি একত্রে থাকায় কচুয়া ৩৩ কেভি ফিডারটি আলাদা করার জন্য ৮ কিঃ মিঃ ওভারহেড লাইন নির্মাণ করে চালু করা হয়। হাজীগঞ্জ-২, ৩৩ কেভি ফিডারের মাধ্যমে হাজীগঞ্জ-১ এবং রামগঞ্জ গ্রীড হতে ১৯ কিঃ মিঃ লাইন নির্মাণ করে শাহরাস্তি ৩৩/১১ কেভি উপকেন্দ্রে বিদ্যুৎ সরবরাহ করা হয়। তাছাড়া কচুয়া ৩৩ কেভি ফিডারের মাধ্যম কচুয়া-১ এবং কচুয়া-২, ৩৩/১১ কেভি উপকেন্দ্রে বিদ্যুৎ সরবরাহ করা হয়।

এছাড়া ২০১৭-২০১৮ অর্থ বছরে তিতাস গ্রীডের নোয়াগাঁও ৩৩ কেভি ফিডার হতে ট্যাপিং এর মাধ্যমে ২৩ কিঃ মিঃ লাইন নির্মাণ করে কচুয়া-৩, ৩৩/১১ কেভি উপকেন্দ্রে বিদ্যুৎ সরবরাহ করা হয় এবং কচুয়া-৩ হতে কচুয়া-১ পর্যন্ত ৮.৫ কিঃ মিঃ ৩৩ কেভি টাই লাইন নির্মাণ করা হয়। কচুয়া-২ (২০ এমভিএ) উপকেন্দ্রে ৫ টি এবং কচুয়া-৩ (২০ এমভিএ) উপকেন্দ্রে ৬ টি ১১ কেভি ফিডারসহ মোট ১১ টি ১১ কেভি ফিডার নির্মাণ করে বিদ্যুতায়ন করা হয়েছে। হাজীগঞ্জ-১ ৩৩ কেভি ফিডার হতে হাজীগঞ্জ-২ (বলাখাল) উপকেন্দ্রে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। চাঁদপুর পবিস-১ এ ১২৫/১৭০ এমভিএ ক্ষমতা সম্পন্ন ৬ টি ৩৩/১১ কেভি উপকেন্দ্রে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। উল্লেখ্য যে, ২০১৫-২০১৬ অর্থ বছরে ২১ টি ১১ কেভি ফিডারকে বাইপারকেশন করে বর্তমানে ৩৮ টি ১১ ফিডার করা হয়েছে। চাঁদপুর পবিস-১ এ বর্তমানে ১২৬ মেঃ ওঃ ক্ষমতা সম্পন্ন ৫ টি ৩৩ কেভি ফিডার বিদ্যমান রয়েছে।

চাঁদপুর পবিস-১ এর সাম্প্রতিক বছর সমূহের (৩ বছর) প্রধান অর্জন সমূহ ( ২০১৭-১৮, ২০১৮-১৯, ২০১৯-২০) নিম্নরূপঃ

অর্থবছর	গ্রাহক সংযোগ	নির্মিত লাইন	বকেয়া মাস	সিস্টেম লস	উপকেন্দ্র নির্মাণ	উপকেন্দ্র আপগ্রেডেশন
২০১৭-১৮	৪৩২১০	৫২৬	০.৮৯	১৪.৮৮%		
২০১৮-২০১৯	১৫৫৭২	৫১৫	০.৮৫	১২.৪৩%	কচুয়া-২ ও কচুয়া-৩ (২০+২০) = ৪০ এমভিএ ইনডোর টাইপ ২ টি ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণ পূর্বক চালু করা হয়।	হাজীগঞ্জ-১ উপকেন্দ্রে ১ টি ১০/১৪ এমভিএ এবং শাহরাস্তি উপকেন্দ্রে ১ টি ১০/১৪ এমভিএ ক্ষমতা সম্পন্ন পাওয়ার ট্রান্সফরমার স্থাপন পূর্বক আপগ্রেডেশন করা হয়।
২০১৯-২০২০	১৪৪২৪	৫৫৫	০.৭৯	১২.০৮		হাজীগঞ্জ-২ (বলাখাল) উপকেন্দ্র এবং শাহরাস্তি উপকেন্দ্রে ১ টি করে ৫/৬.২৫ এমভিএ ক্ষমতা সম্পন্ন পাওয়ার ট্রান্সফরমার স্থাপন পূর্বক আপগ্রেডেশন করা হয়।

## ২০১৯-২০ অর্থ বছরের অর্জন সমূহঃ

- ১। ২০১৯-২০ অর্থ বছরে অত্র সমিতি গত ১০ বছরের মধ্যে সাফল্য জনকভাবে পিটিএ/এপিএ এর সকল প্যারামিটার অর্জন করেছে। সিস্টেম লস পূর্বের অর্থ বছরের তুলনায় ২.৩০% হ্রাস পেয়েছে। সিস্টেম লস হ্রাস পাওয়ায় ৬৪ লক্ষ ৮০ হাজার ৭০৫ ইউনিট বিদ্যুৎ সাশ্রয় হয়েছে যা টাকার অংকে প্রায় ৩ কোটি ৮১ লক্ষ ৭২ হাজার টাকা।
- ২। জুন/২০২০ মাসে ১৮৬% বিল আদায় করা হয়েছে। ফলে বকেয়া মাসের লক্ষ্যমাত্রা ১.০৫ এর বিপরীতে ০.৭৯ অর্জিত হয়েছে। বকেয়া মাস জুন/২০১৯ এর তুলনায় জুন/২০২০ মাসে ০.০৬ হ্রাস পেয়েছে।

## ২০১৯-২০ অর্থ বছরে সমিতির উন্নয়নমূলক কাজ সমূহঃ

- (ক) ২ টি ৩৩ কেভি নতুন লাইন নির্মাণ পূর্বক নতুন ২ টি গ্রীড হতে বিদ্যুৎ গ্রহণ করা হয়েছে। ফলে ৩ টি গ্রীড হতে ৫ টি ৩৩ কেভি ফিডারের মাধ্যমে পরস্পর টাই লাইন/রিং সিস্টেম তৈরী করে ৬ টি ১২৫/১৭০ এমডিএ উপকেন্দ্রে ৬৭ মেঃ ওঃ লোড সরবরাহ করা হচ্ছে। ৩৩ কেভি ফিডার সমূহে রিং সিস্টেম তৈরী করায় ১/২ টি ৩৩ কেভি লাইন ফল্ট/বন্ধ হলেও উপকেন্দ্র সমূহে বিদ্যুৎ সরবরাহ চালু রাখা এবং গ্রাহক প্রান্তে নিরবচ্ছিন্ন কোয়ালিটি বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হচ্ছে।
- (খ) ১১ কেভি ফিডার সংখ্যা বৃদ্ধি করা হয়েছে ৮ টি এবং বাইপারকেশন/লোড শেয়ার করা হয়েছে ১২ টি। ১১ ফিডার সমূহের মধ্যেও পরস্পর টাই লাইন/রিং সিস্টেম নির্মাণ করা হয়েছে। কোন ফিডারের ব্যাকবোন লাইনে খুঁটি ভেঙ্গে গেলে/লাইনে ফল্ট হলেও অন্য ফিডারের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ সচল রাখা যায়।
- (গ) পবিস অর্থায়নে ও পবিসের দক্ষ জনবল দ্বারা সম্পূর্ণ নতুন ইউনিট ও আলাদা প্রটেকশনের মাধ্যমে ২ টি উপকেন্দ্র অগমেন্টেশন করা হয়েছে। তাছাড়া, পবিস দক্ষ জনবল দ্বারা অকেজো/নষ্ট ২ টি ১ ফেজ পাওয়ার ট্রান্সফরমার সচল করা হয়েছে।
- (ঘ) পবিস জনবল দ্বারা ১১৩২ টি বিতরণ ট্রান্সফরমার আপগ্রেডেশন ও লোড বিভাজন করা হয়েছে। মিনি কার্যাদেশের মাধ্যমে ৮৫৫ টি নষ্ট পোল পরিবর্তন/পুশপোল স্থাপন করা হয়েছে।
- (ঙ) প্রতিটি উপকেন্দ্রের প্রতিটি ইউনিটে ভোল্টেজ রেগুলেটর স্থাপন/মেরামত পূর্বক সচল করে গ্রাহক প্রান্তে সঠিক ভোল্টেজ নিশ্চিত করা হয়েছে। প্রয়োজনীয় লাইন ক্যাপাসিটর স্থাপন করে পাওয়ার ফ্যাক্টরের মান ০.৯৭ করা হয়েছে।
- (চ) আয়নাতলী উপকেন্দ্রটি মেসার্স সানরাইজ কর্তৃক নির্মাণে ব্যর্থ হওয়ায় পবিসের মিনি কার্যাদেশের মাধ্যমে ৬ কিঃ মিঃ নতুন লাইন নির্মাণ/আপগ্রেডেশন করে এবং টার্নকি নির্মিত ৩৩ কেভি লাইন ১১ কেভি ফিডার হিসাবে ব্যবহার করে ৩.৮ মেঃ ওঃ এর ১১ কেভি ফিডারটির লোড বিভাজন করে ওভার লোড মুক্ত করা হয়েছে।
- (ছ) বর্তমানে উপকেন্দ্র, ৩৩ কেভি ও ১১ কেভি ফিডার এবং বিতরণ ট্রান্সফরমারের লোড গ্রহণের সক্ষমতা ২.৫ হতে ৩.৫ গুন অর্জিত হয়েছে। আরও উন্নয়ন মূলক কর্মকান্ড চলমান আছে।

উক্ত উন্নয়ন মূলক কাজ সমূহ সম্পন্ন করায় গ্রাহক প্রান্তে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ পূর্বক গ্রাহক সন্তুষ্টি অর্জন করায় সিস্টেম লস হ্রাস পেয়েছে এবং বকেয়া আদায় করা সম্ভব হয়েছে।

• সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ

০১. অত্র পবিসের পিক লোড ৬৭ মেঃওঃ। অত্র পবিসের আওতায় দ্রুত গ্রাহক সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। সেই সাথে গ্রাহকের বিদ্যুতের চাহিদা (ব্যবহৃত লোড) বৃদ্ধি পাচ্ছে। এ পর্যন্ত চাহিদা অনুযায়ী জাতীয় গ্রীড হতে বিদ্যুৎ সরবরাহ পাওয়া গিয়েছে। গ্রাহক প্রাপ্তে নিরবচ্ছিন্ন কোয়ালিটি বিদ্যুৎ সরবরাহ অক্ষুণ্ন রাখা অত্র পবিসের মূল লক্ষ্যমাত্রা।
০২. তাছাড়া অত্র সমিতির ৪.২৬২.৬৫ কিঃ মিঃ দীর্ঘ বৈদ্যুতিক লাইন রয়েছে। ফলে গাছ-গাছালি সমৃদ্ধ গ্রামীন এলাকায় দুর্যোগপূর্ণ অবস্থায় বিদ্যুৎ সচল রাখাও সমিতির জন্য একটি বড় চ্যালেঞ্জ। এমতাবস্থায়, শতভাগ বিদ্যুতায়নের ফলে বিদ্যুৎ লাইনের পরিমান এবং গ্রাহক সংখ্যা বৃদ্ধি পেয়েছে। সে অনুপাতে লোকবল বৃদ্ধি পায়নি। শতভাগ বিদ্যুতায়নের ফলে গ্রামে গঞ্জে শিল্প, কলকারখানা গড়ে উঠেছে এবং মানুষের কর্মসংস্থান সৃষ্টি হচ্ছে। নিরবচ্ছিন্ন এবং নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার স্বার্থে প্রতিটি ইউনিয়নে একটি করে অভিযোগ কেন্দ্র স্থাপন করণসহ লোকবল বাড়ানো প্রয়োজন। নিয়মিত গ্রাহক সংযোগ, লাইন আপগ্রেডেশন, ফিডার বিভাজন/বাইপারকেশন করণ, ১০০% রাইট-অফ-ওয়ে পরিষ্কার করণ এবং ট্রান্সফরমার, মিটার, সার্ভিস ড্রপ ও পোল সহ বিভিন্ন মালামাল নগদ মূল্যে ক্রয় সম্পন্ন করে ১০০% এপিএ লক্ষ্যমাত্রা অর্জনকে অত্র সমিতি চ্যালেঞ্জ হিসেবে নিয়েছে।

• ভবিষ্যৎ পরিকল্পনাঃ

- গ্রাহকগণের বর্ধিত লোডের চাহিদা পূরণের লক্ষ্যে কচুয়া (বদরপুর) এলাকায় পিজিসিবি কর্তৃক একটি ২x৫০/৭৫ এমডিএ গ্রীড উপকেন্দ্র নির্মাণ কাজ চলমান আছে; যা আগামী ডিসেম্বর ২০২০ সালের মধ্যে চালু হতে পারে। উক্ত গ্রীড উপকেন্দ্র হতে সুইচিং স্টেশনের মাধ্যমে ৮ টি ব্রে-বেকারের ব্যবস্থা রাখা হয়েছে। উক্ত ৮ টি ব্রে-বেকারের মধ্যে চাঁদপুর পবিস-১, ৬ টি এবং চাঁদপুর পবিস-২, ২ টি ব্রে-বেকার ব্যবহার করবে। ইতোমধ্যে উক্ত গ্রীড হতে অত্র পবিস ৪ টি ৩৩ কেভি ফিডারের জন্য প্রায় ১৭ কিঃ মিঃ লাইন নির্মাণ কাজ সম্পন্ন করেছে এবং টার্নকি প্রকল্পের আওতায় ৫২.২৯ কিঃ মিঃ ৩৩ কেভি লাইন নির্মাণ চলমান আছে।

- ১.৫ প্রকল্পের আওতায় শাহরাস্তি-২ (আয়নাতলী) ৩৩/১১ কেভি একটি উপকেন্দ্র নির্মাণ কাজ চলমান আছে। উক্ত উপকেন্দ্রটি চালু হলে শাহরাস্তি-১ উপকেন্দ্রের কিছু লোড এবং গ্রাহক সংখ্যা বৃদ্ধির লোড সংযুক্ত হবে। উক্ত উপকেন্দ্রের জন্য ২ টি ৩৩ কেভি সোর্স লাইন প্রায় (১২+১০) = ২২ কিঃ মিঃ লাইন নির্মাণ কাজ প্রক্রিয়াধীন আছে। কচুয়া (বদরপুর) গ্রীড হতে কচুয়া-১ উপকেন্দ্রকে সংযোগ করার জন্য আলাদা একটি ৩৩ কেভি ১০.৫ কিঃ মিঃ লাইন নির্মাণ কাজ চলমান আছে। তাছাড়া বদরপুর গ্রীড হতে সেন্দ্রা পর্যন্ত ৩৩ কেভি লাইনের ডাবল সার্কিট নির্মাণের কাজ এবং সেন্দ্রা হতে আয়নাতলী নির্মাণাধীন উপকেন্দ্র পর্যন্ত ৩৩ কেভি লাইন নির্মাণ কাজ চলমান আছে।

- পবিসের উত্তরোত্তর লোড বৃদ্ধির বিষয়টি বিবেচনা করে ইউআরইডিএস ফেইজ-২ প্রকল্পের আওতায় ৬ টি ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। উপকেন্দ্রগুলি হলো হাজীগঞ্জ-৩ (খন্ডা), হাজীগঞ্জ-৪ (পালিশারা), হাজীগঞ্জ-৫ (রাজারগাঁও), হাজীগঞ্জ-৬ (রাক্নীমুড়া), হাজীগঞ্জ-৭ (বদরপুর), কচুয়া-৪ (জগৎপুর) মোট ৬০ এমডিএ।
- বর্ধিত পরিকল্পনা মোতাবেক কার্যসম্পাদন ও বাস্তবায়নের মাধ্যমে পবিসের সিস্টেম লস কাঙ্ক্ষিত মানে তথা সিঙ্গেল ডিজিটে আনয়ন করা সম্ভব হবে। পাশাপাশি বকেয়া মাস ১.০০ এর নীচে রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

২০২০-২১ অর্থ-বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ০১। ০১ টি ৩৩/১১ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র নির্মাণ ও ০১ টি উপকেন্দ্র আপগ্রেডেশন।
- ০২। পবিসের সিস্টেম লস ১১.৭৫%।
- ০৩। বকেয়ার মাস ১.১০।
- ০৪। ১১ কেভি ফিডার ইন্টারকানেক্টের মাধ্যমে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা যাবে।
- ০৫। কচুয়া ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র চালুকরণ।
- ০৬। ৩৩/১১ কেভি উপকেন্দ্র সমূহে ৩৩ কেভি সোর্স লাইনের বিকল্প সোর্সের সুবিধা সৃষ্টিকরণ।

## উপক্রমণিকা (Preamble)

পল্লী বিদ্যুৎ সমিতির প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কে প্রদত্ত বার্ষিক কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে:-

সভাপতি, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

এবং

সচিব

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

এর মধ্যে ২০২০ সালের জুলাই মাসের ২৯ তারিখে এই বার্ষিক

কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১:

### চাঁদপুর পবিস-১ এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objective) এবং কার্যাবলী (Functions):

১.১ রূপকল্প (Vision): চাঁদপুর পবিস-১ এর আওতাধীন সকল জনগনকে শতভাগ বিদ্যুতায়নের মাধ্যমে নির্ভরযোগ্য ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহের মাধ্যমে গ্রাহকসেবা নিশ্চিত করা।

১.২ অভিলক্ষ্য (Mission): অত্র সমিতিতে ইতোমধ্যে শতভাগ উপজেলা বিদ্যুতায়ন কাজ সম্পন্ন হয়েছে। সুতরাং নতুন নতুন শিল্প এবং অন্যান্য সংযোগ অতিদ্রুত সময়ের মধ্যে বিদ্যুৎ সংযোগ দেওয়াসহ নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার মাধ্যমে গ্রামীণ জনগণের আর্থসামাজিক উন্নয়ন।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (strategic Objective):

- ০১। গ্রামীণ এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন।
- ০২। গ্রামীণ এলাকায় জনগণের আর্থসামাজিক উন্নয়নের লক্ষ্যে নিরবিচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা।
- ০৩। নতুন বিদ্যুৎ সংযোগ ও গ্রাহকসেবার মানোন্নয়ন।
- ০৪। প্রাতিষ্ঠানিক দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি।

### ১.৪ কার্যাবলি (Functions):

- ০১। বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে পরিকল্পিতভাবে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারণ ও উন্নয়নের মাধ্যমে অত্র পবিসের আওতাধীন সকল জনগোষ্ঠীকে বিদ্যুৎ সেবার আওতায় আনয়ন।
- ০২। ০৭ দিনের মধ্যে আবাসিকসহ সকল এলটি গ্রাহক এবং ২৮ দিনের মধ্যে শিল্পসহ সকল এইচটি গ্রাহক সংযোগ প্রদান।
- ০৩। নতুন গ্রাহক সংযোগ সহজীকরণ।
- ০৪। বিদ্যুৎ ব্যবহারে গ্রাহকগণকে মিতব্যয়ী করা এবং উৎপাদনমুখী কাজে বিদ্যুৎ ব্যবহারে উদ্বুদ্ধকরণ।
- ০৫। অত্র পবিসের এলাকায় শতভাগ বিদ্যুতায়নের মাধ্যমে গ্রামের মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন।
- ০৬। কারিগরী উন্নয়নের মাধ্যমে সিস্টেম লস হ্রাসকরণ।
- ০৭। পবিসের আয় বৃদ্ধি ও ব্যয় সংকোচনের ব্যবস্থা করা।
- ০৮। বৈদ্যুতিক লাইন নিয়মিত রক্ষনাবেক্ষন ও মেরামত করা।
- ০৯। নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের পথস্বস্ত্র মুক্তকরণ।
- ১০। গ্রাহকের অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে নিরসন করা।
- ১১। বকেয়া আদায় করা এবং আর্থিক সক্ষমতা বৃদ্ধি করা।
- ১২। সর্বক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে সুষ্ঠু কর্মপরিবেশ ও সুশাসন প্রতিষ্ঠা।
- ১৩। সকল ক্ষেত্রে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন।
- ১৪। ডিজিটালাইজেশন ও অটোমেশনের মাধ্যমে উত্তম সেবা নিশ্চিতকরণ।
- ১৫। প্রাতিষ্ঠানিক দক্ষতার উন্নয়ন।

সেকশন ২:

সমিতির বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators)	একক (Unit)	প্রকৃত		লক্ষ্যমাত্রা ২০২০-২১	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত দপ্তর/পরিদপ্তর/বিভাগ/সেল/ সমিতিসমূহের নাম	উপাত্তসূত্র (Sources of Data)
			২০১৮-১৯	২০১৯-২০		২০২১-২২	২০২২-২৩		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
বিদ্যুৎ বিতরণ খাতের উন্নয়ন	নতুন সংযোগ	সংখ্যা	১৫,৫৭২	১৪,৪২৪	১০,০০০	১০,০০০	১০,০০০	পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন পরিদপ্তর এবং পল্লী বিদ্যুৎ সমিতি	MIS প্রতিবেদন, লাইন নির্মাণ প্রতিবেদন, মাসিক আর্থিক ও পরিসংখ্যান প্রতিবেদন (কর্ম-৫৫০) ও পবিস এর নিরীক্ষা প্রতিবেদন, বিলিং সফটওয়্যার, কনজুমার কমপ্লেইন রেজিস্টার, সাবস্টেশন অপারেশনাল রেজিস্টার, লোডশেডিং রেজিস্টার, Shutdown রেজিস্টার
প্রাতিষ্ঠানিক দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি	Accounts Receivable	সম মাস	০.৯১	০.৭৯	১.১০	১.০৫	১.০৫	বিআরইবি, পল্লী বিদ্যুৎ সমিতি, বিদ্যুৎ বিভাগ, কৃষি মন্ত্রণালয় ও ধর্ম মন্ত্রণালয়	
	Accounts Payable	মাস	১	১	১	১	১	বিআরইবি, পল্লী বিদ্যুৎ সমিতি, পিডিবি ও পিজিসিবি	
	Collection Bill Ratio	%	৯৮.৬২	৯৯.২১	৯৯	৯৯	৯৯	বিআরইবি, পল্লী বিদ্যুৎ সমিতি, জনপ্রতিনিধি, স্থানীয় প্রশাসন, আইন মন্ত্রণালয়	
বিতরণ ব্যবস্থার উন্নয়ন	বিতরণ সিস্টেম লস	%	১৪.৩৪	১২.০৮	১১.৭৫	১১	১০	বিআরইবি ও পল্লী বিদ্যুৎ সমিতি	
নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ	SAIDI	মিনিট	৪১০.৫৫	৩৬৭.৪১	১২০০	১০০০	৮০০	সিস্টেম অপারেশন (কে:অ:) পরিদপ্তর ও পল্লী বিদ্যুৎ সমিতি	
	SAIFI	বার	১.৮১	২.৫৯	৪০	৩৫	৩০	সিস্টেম অপারেশন (কে:অ:) পরিদপ্তর ও পল্লী বিদ্যুৎ সমিতি	



সেকশন-৩

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক ও লক্ষ্যমাত্রাসমূহ

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক (Target Year) Target/Criteria Value for FY 2020-21	প্রক্ষেপণ (Projection) ২০২১-২২	প্রক্ষেপণ (Projection) ২০২২-২৩
						২০১৮-১৯	২০১৯-২০			
১. গ্রামীণ এলাকায় বিদ্যুৎ বিতরণ বৃদ্ধির উন্নয়ন	28	1.1.Reduction of System Loss	1.1.1. System Loss Billing Meter ( w/o resale ) (Lower better)	%	24	14.31%	12.08%	11.75%	11%	10%
		1.2 Inspection & maintenance of distribution line	1.2.1 Percentage of inspection & maintenance of distribution line (KM) against energized line (KM) (Higher better)	%	1	100%	100%	100%	100%	100%
		1.3 Store management performance	1.3.1 Store management performance (Higher better) Physical inventory of all stores under the PBS (WF-1)	%	1	100%	100%	100%	100%	100%
			1.3.2 Timely close-out of Mini & Force work orders (WF-1)	%	1	100%	100%	90%	100%	100%
1.4 Action on Meter Report	1.4.1 Action on Meter Report (Higher better)	%	1	100%	100%	100%	100%	100%		
২. নিরবিচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা	4	2.1.Ensure uninterrupted electricity Supply	2.1.1. System Average Interruption Duration Index (SAIDI)	Minutes	1.5	410.55	367.41	950	1000	800
			2.1.2. System Average Interruption Frequency Index (SAIFI)	Times	1.5	1.81	2.59	39	35	30
		2.2. Ensure quality electricity Supply	2.2.1. Improvement of Power Factor (Higher better)	%	1	0.95	0.96	0.92	0.95	0.95
৩. নতুন বিদ্যুৎ সংযোগ ও গ্রাহকসেবার মানোন্নয়ন	8	3.1 New Connection	3.1.1. % of new connected consumers (Higher better)	%	2	100%	100%	100%	100%	100%
		3.2 Repair of Transformer	3.2.1 Percentage of damaged & repairable transformer (No.) against total installed transformer (No.) (Lower better)	%	1	5.21%	4.17%	1.50%	3.80%	3.60%
			3.3.1 Percentage of Repairable Transformer repaired (Higher better)	%	1	100%	100%	95%	100%	100%
		3.4 Reducing Overloaded Transformer	3.4.1 Percentage of Overloaded Transformer against Total Transformer Installed (Lower better)	%	1	0.00%	0.00%	0.10	0.00%	0.00%
		3.5 Customer satisfaction	3.5.1 No. of Public Hearing (Higher better)	Number	2	52	52	12	100%	100%
		3.6 Customer satisfaction	3.6.1 Timeliness to attend Consumer's	%	1	100%	100%	100%	100%	100%
৪. প্রতিষ্ঠানিক দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি	31	4.1 Improvement of institutional efficiency (Financial)	4.1.1 O & M Expense/ KWH (Lower better) (Excluding Power cost, Depreciation & Amortization expense, Interest expense and Provision for Uncollectible Amount, i.e. 0.5%)	TK/ KWH	2	1.29	1.00	1.04	1.20	1.20
			4.1.2 Revenue Per KM of Line w/o resale: (Higher better)	TK.	1	364	373	364	330	340
			4.1.3 Accounts receivable w/o resale & rebate (Lower better)	Eqv. Month	14	0.91	0.79	1.10	1.05	1.05
			4.1.4 Accounts Payable (Lower better)	Month	1	1	1	1	1	1
			4.1.5 Collection Bill (CB) Ratio (%) (Higher better)	%	1	98.62%	99.21%	98%	99%	99%
			4.1.6 Inter-PBS Transaction (%) (Higher better)	%	3	99%	90%	90%	90%	90%
			4.1.7 Payment of Debt Service Liability (Higher better)	Crore Taka	7	8.34	4.5	12	7	7
			4.1.8 Average Training hour per Employee (Higher better)	Hour	2	80.32	75	65	75	75
	4	4.2 Improvement of technical capacity	4.2.1 GIS Mapping of 33 KV Lines	km	1			86	100%	100%
			4.2.2 GIS Mapping of 11 KV Backbone Line	km	1			529	80%	100%
			4.2.1 Maintenance and Up-gradation of Equipment Record Card (Higher better)	%		100%	100%	80%		

*[Signature]*

*[Signature]*  
Md. Kafiye Ullah  
General Manager  
PBS-1

সভাপতি  
চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি

মাঠ পর্যায়ের কার্যালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০২০-২০২১

কলাম-১	কলাম-২	কলাম-৩	কলাম-৪		কলাম-৫	কলাম-৬				
						লক্ষ্যমাত্রার মান ২০১৯-২০ (Target Value-2019-20)				
কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)	অসাধারণ (Excellent) ১০০%	অতি উত্তম (Very Good) ৯০%	উত্তম (Good) ৮০%	চলতি মান (Fair) ৭০%	চলতি মানের নিচে (Poor) ৬০%
[১] দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ		[১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন	[১.১.১] এপিএর সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত	সংখ্যা	২	৪	-	-	-	-
			[১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত	সংখ্যা	১	১২	১১	-	-	-
		[১.২] শূদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময়	[১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত	সংখ্যা	২	৪	৩	২	-	-
		[১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবা গ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ	[১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত	সংখ্যা	২	৪	৩	২	-	-
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ	[১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত	সংখ্যা	২	৪	৩	২	-	-
		[১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ	[১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত	সংখ্যা	২	৪	৩	-	-	-
[২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি		[২.১] ই-নথি বাস্তবায়ন	[২.১.১] ই-নথিতে নোট নিষ্পত্তিকৃত	%	২	৮০	৭০	৬০	৫০	-
		[২.২] উদ্ভাবনী/ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ বাস্তবায়ন	[২.২.১] ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ চালুকৃত	সংখ্যা	২	১৫-২-২১	১৫-৩-২১	১৫-৪-২১	১৫-৫-২১	-
		[২.৩] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান	[২.৩.১] প্রত্যেক কর্মচারীর জন্য প্রশিক্ষণ আয়োজিত	জনঘণ্টা	২	৪০	৩০	২০	১০	-
			[২.৩.২] ১-১৮ তম গ্রেড এর প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ	জনঘণ্টা	১	৫	৪	-	-	-
		[২.৪] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান	[২.৪.১] ন্যূনতম একটি আওতাধীন দপ্তর/একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত	সংখ্যা	১	১	-	-	-	-

[৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন	[৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন	[৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত	%	১	১০০	৯০	৮০	-	-
	[৩.২] বাজেট উন্নয়ন কর্মসূচী (এডিপি)/বাজেট বাস্তবায়ন	[৩.২.১] বাজেট উন্নয়ন কর্মসূচী (এডিপি)/বাজেট বাস্তবায়িত	%	২	১০০	৯০	৮০	-	-
	[৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন	[৩.৩.১] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত	%	২	৫০	৪০	৩০	২৫	-
	[৩.৪] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধ্বতন অফিসে প্রেরণ	[৩.৪.১] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধ্বতন অফিসে প্রেরিত	তারিখ	১	১৫-১২-২০	১৪-০১-২১	১৫-০২-২১	-	-

আমি, সভাপতি, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড - এর নিকট অঞ্জীকার  
করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সভাপতি, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ - এর নিকট অঞ্জীকার  
করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষর:

স্বাক্ষরিত:

তারিখঃ

২০২০ খ্রিঃ




.....  
.....  
জেনারেল ম্যানেজার  
চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১



.....  
.....  
সভাপতি  
চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১



.....  
.....  
ফকির শরীফ উদ্দিন আহমেদ  
পরিচালক  
.....  
পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল)  
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড



.....  
.....  
সচিব  
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড  
(সি.এ. অফিস ভবন)  
সচিব  
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা

সংযোজনী -১

শব্দ সংক্ষেপ

(Acronyms)

বিআরইবি	বাংলাদেশ বুরাল ইলেকট্রিফিকেশন বোর্ড
বিপিডিবি	বাংলাদেশ পাওয়ার ডেভেলপমেন্ট বোর্ড
APA	Annual Performance Agreement
PI	Performance Indicator
পবিস/পিবিএস	পল্লী বিদ্যুৎ সমিতি
পিজিসিবি	পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড
KVA	কিলোভোল্ট এম্পিয়ার
KV	কিলোভোল্ট
MW	মেগাওয়াট
MVA	মেগাভোল্ট অ্যাম্পিয়ার
SAIDI	সিস্টেম এভারেজ ইন্টারাপশন ডিউরেশন ইনডেক্স
SAIFI	সিস্টেম এভারেজ ইন্টারাপশন ফ্রিকোয়েন্সি ইনডেক্স
DSL	ডেস্ট সার্ভিস লায়াবিলিটি
KM	কিলোমিটার
ERC	Equipment Record Card
NIS	National Integrity Strategy (জাতীয় শুদ্ধাচার কৌশল)
ই-সার্ভিস	ইলেকট্রনিক সার্ভিস
ROW	রাইট-অব-ওয়ে (পথস্বত্ব পরিষ্কার)
DNP	Disconnection for Nonpayment
TMLM	Transformer Maintenance & Load Management
SIP	Small Improvement Project
E-Filing	Electronic filing

সংযোজনী-২

কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

ক্রমিক নং	কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	কার্যক্রম এর বিবরণ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	প্রদত্ত প্রমাণক	প্রমাণকের উপাত্ত সূত্র
১।	সিস্টেম লস হ্রাসকরণ	সিস্টেম লস হ্রাস	বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন, জবাবদিহিতা ও স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে সমিতিসমূহের সিস্টেম লস হ্রাসকরণ	বিআরইবি ও পল্লী বিদ্যুৎ সমিতি	মাসিক আর্থিক ও পরিসংখ্যান প্রতিবেদন (ফর্ম-৫৫০) ও পবিস এর নিরীক্ষা প্রতিবেদন, বিলিং সফটওয়্যার, কনজুমার কমপ্লেইন রেজিস্টার, সাবস্টেশন অপারেশনাল রেজিস্টার, লোডশেডিং রেজিস্টার, Shutdown রেজিস্টার	MIS প্রতিবেদন, লাইন নির্মাণ প্রতিবেদন, মাসিক আর্থিক ও পরিসংখ্যান প্রতিবেদন (ফর্ম-৫৫০) ও পবিস এর নিরীক্ষা প্রতিবেদন, বিলিং সফটওয়্যার, কনজুমার কমপ্লেইন রেজিস্টার, সাবস্টেশন অপারেশনাল রেজিস্টার, লোডশেডিং রেজিস্টার, Shutdown রেজিস্টার
২।	আর্থিক সক্ষমতা বৃদ্ধি	বকেয়া মাস	বিলিং দক্ষতা বৃদ্ধি, রাজস্ব আদায় ও অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণের মাধ্যমে বাপবিবো'র বকেয়া হ্রাসকরণ	বিআরইবি, পল্লী বিদ্যুৎ সমিতি, বিদ্যুৎ বিভাগ, কৃষি ও ধর্ম মন্ত্রণালয়		
৩।	নতুন বিদ্যুৎ সংযোগ বৃদ্ধি	নতুন বিদ্যুৎ সংযোগ	বিদ্যুতায়নের মাধ্যমে নতুন সংযোগ প্রদান	পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন পরিদপ্তর এবং পল্লী বিদ্যুৎ সমিতি		
৪।	প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি	গড় প্রশিক্ষণ প্রদান	বিদ্যুৎক্ষেত্রে দক্ষ জনবল প্রতিষ্ঠার লক্ষ্যে পর্যাপ্ত প্রশিক্ষণ প্রদান	বিআরইবি ও পল্লী বিদ্যুৎ সমিতি		
৫।	নিরবিচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ	SAIDI, SAIFI	গ্রাহকের নিকট নিরবিচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ	সিস্টেম অপারেশন (কে:অ:) পরিদপ্তর ও পল্লী বিদ্যুৎ সমিতি		
৬।	গ্রাহক সেবার মান উন্নয়ন	Consumer Complain	গ্রাহক অভিযোগ প্রতিকার বাস্তবায়ন	বিআরইবি ও পল্লী বিদ্যুৎ সমিতি		
৭।	আর্থিক সক্ষমতা বৃদ্ধি	Accounts Payable	নির্ধারিত সময়ের মধ্যে বিপিডিবি ও পিজিসিবি'র বিল পরিশোধকরণ	বিআরইবি, পল্লী বিদ্যুৎ সমিতি, পিডিবি ও পিজিসিবি		
৮।	আর্থিক সক্ষমতা বৃদ্ধি	Payment of DSL	যথাসময়ে বাপবিবো'র ঋণের কিস্তি পরিশোধ	পল্লী বিদ্যুৎ সমিতি		

সংযোজনী-৩

কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

প্রতিষ্ঠানের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা	চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা	প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব
বিপিডিবি	বিদ্যুৎ ক্রয়	সিস্টেম লস	বিদ্যুৎ সরবরাহ	বিপিডিবি হতে পবিস বিদ্যুৎ ক্রয় করে।	গ্রাহক প্রাপ্তে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা যাবে না।
পিজিসিবি	বিদ্যুৎ সরবরাহ	সিস্টেম লস ও উপকেন্দ্রের ক্ষমতাবর্ধন	বিদ্যুৎ সঞ্চালন ও উপকেন্দ্র হতে বেরেকার সংযোজন	পিজিসিবি বিদ্যুৎ সঞ্চালন করে থাকে ও উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি করে।	গ্রাহক প্রাপ্তে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা যাবে না ও নতুন সাবস্টেশনে বিদ্যুৎ সংযোগ গ্রহণ করা যাবে না।
স্থানীয় প্রশাসন, পুলিশ প্রশাসন, জন প্রতিনিধি, এলাকা পরিচালক	বকেয়া আদায়	সমমাস	সঠিক সময়ে বকেয়া আদায় কার্যক্রমে অংশগ্রহণ	গ্রাহকের নিকট হতে বকেয়া আদায় করা না গেলে পবিসসমূহ আর্থিকভাবে অসচ্ছল হয়ে পড়বে, পিডিবি/পিজিসিবি'র বিল পূরণে ব্যর্থ হবে।	বকেয়া মাসের লক্ষ্যমাত্রা অর্জিত হবে না।
ব্যাংক, UIC, টেলিটক	বিল কালেকশন	%	সঠিক সময়ে বিল আদায় কার্যক্রমে অংশগ্রহণ	গ্রাহকের নিকট হতে সঠিক সময়ে বিল আদায় করা না গেলে পবিসসমূহ আর্থিকভাবে অসচ্ছল হয়ে পড়বে, পিডিবি/পিজিসিবি'র বিল পূরণে ব্যর্থ হবে।	বিল কালেকশন ও বকেয়া মাসের লক্ষ্যমাত্রা অর্জিত হবে না।
কৃষি মন্ত্রণালয়	রিবেটের অর্থ পরিশোধ	বকেয়া মাস	রিবেটের অর্থ পরিশোধ	কৃষি মন্ত্রণালয় রিবেটের অর্থ পরিশোধ করে থাকে।	বকেয়া মাসের লক্ষ্যমাত্রা অর্জিত হবে না।
ধর্ম মন্ত্রণালয়	রিবেটের অর্থ পরিশোধ	বকেয়া মাস	রিবেটের অর্থ পরিশোধ	ধর্ম মন্ত্রণালয় রিবেটের অর্থ পরিশোধ করে থাকে।	বকেয়া মাসের লক্ষ্যমাত্রা অর্জিত হবে না।